ওহে, আমি কি তোমাদের জানাবো চোগলখুরী কী? চোগলখুরী হচ্ছে মানুষের মাঝে কথা চালাচালি।

ইবন মাস‘ঊদ রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “ওহে, আমি কি তোমাদের জানাবো চোগলখুরী কী? চোগলখুরী হচ্ছে মানুষের মাঝে
কথা চালাচালি।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে উম্মতকে চোগলখুরী করে বেড়ানো থেকে সাবধান করেছেন। আর চোগলখুরী হলো পরস্পর ঝগড়া ও ফ্যাসাদ সৃষ্টি করার লক্ষ্যে একের কথা অন্যের কাছে লাগানো। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাঁর হাদীসটি জিজ্ঞাসা ও প্রশ্ন দিয়ে শুরু করেছেন, যাতে বিষয়টি তাদের মনে ভালোভাবে গেঁথে যায় এবং এ ব্যাপারে তারা খুব সতর্ক হন। তিনি তাদেরকে জিজ্ঞেস করলেন, “চোগলখুরী কী?” অর্থাৎ মিথ্যা ও অপবাদ কী? কেউ কেউ একে যাদু বলে ব্যাখ্যা করেছেন। অতপর তিনি নিজেই এ প্রশ্নের উত্তরে বলেন, চোগলখুরী হলো, মানুষের মাঝে দ্বন্দ্ব-বিভেদ ছড়াতে কুৎসা রটনা করা। কেননা যাদুকরগণ এ ধরণের কাজ করে থাকে জমিনে ফিতনা-ফ্যাসাদ সৃষ্টি, মানুষের ক্ষতি সাধন, ভালোবাসার দু;ব্যক্তির মাঝে বিচ্ছেদ ঘটানো, নিটতাত্মীয়দের মধ্যে আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করা এবং হিংসা-বিদ্বেষে অন্তর ভরে রাখতে। যা মানুষের মাঝে দৃশ্যমান।

https://sunnah.global/hadeeth/bn/show/5942